



সূত্র নং- ০১(১৬২) জাতীয়বিঃপ্রশাঃ/৯২/১/২৭২৭/১/৩৪১

তারিখ : ০৭/০৮/২০১৭

## বিজ্ঞপ্তি

### মডেল কলেজের জন্য দরখাস্ত আহ্বান [শুধু বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রযোজ্য]

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলেজ শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে কলেজের শিক্ষার্থীদের শিক্ষার সার্বিক পরিবেশের উন্নয়ন এবং স্ব স্ব কলেজকে একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানে উন্নীতকরণের উদ্দেশ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের মধ্যে বেসরকারি কলেজকে পূর্ব নির্ধারিত শর্তপূরণ সাপেক্ষে মডেল কলেজে উন্নীতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অধিভুক্ত সরকারি কলেজগুলো সাধারণভাবে অবকাঠামোসহ শিক্ষার পরিবেশগত অন্যান্য দিক থেকে তুলনামূলকভাবে একটি পর্যায়ে অবস্থান করে বিধায় আপাততঃ অঞ্চলভিত্তিক অনার্স-মাস্টার্স পর্যায়ের বেসরকারি কলেজকে পূর্ব নির্ধারিত KPI (Key Performance Indicators) এর ভিত্তিতে মূল্যায়ণ করে মডেল কলেজে উন্নীতকরণের মাধ্যমে এদের প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং বেসরকারি-সরকারি নির্বিশেষে সকল প্রতিষ্ঠানের শিক্ষার গুণগতমানের সমতাবিধান এ উদ্যোগের অন্যতম লক্ষ্য। নির্বাচিত এসব কলেজের শিক্ষার সার্বিক উন্নয়নে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা প্রদানের পাশাপাশি নানাবিধ প্রণোদনা দেয়া হবে।

অনার্স-মাস্টার্স পর্যায়ের বেসরকারি সম্ভাব্য কলেজসমূহকে আগামী ১০-৮-২০১৭ হতে ১৫-৯-২০১৭ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট ([www.nubd.info/college](http://www.nubd.info/college)) থেকে College Profile মেন্যুতে ক্লিক করে প্রদর্শিত স্ক্রীনে আপনার কলেজের সঠিক College Code ও Password দিয়ে Login করে Model College Link-এ ক্লিক করে “মডেল কলেজ নির্বাচনের তথ্য ছক” যথাযথভাবে পূরণ করে Submit করার জন্য অনুরোধ করা হলো।

উপর্যুক্ত বিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

রেজিস্ট্রার

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর।

ফোন : ০২-৯২৯১০১৬, ০২-৯২৯১০৭৩

ফ্যাক্স : ০২-৯২৯১০৩৭

Email: [registrar\\_nu92@yahoo.com](mailto:registrar_nu92@yahoo.com)

যেকোন সমস্যায় যোগাযোগ : ০২-৯২৯১০৭১

বিঃ দ্রঃ অন-লাইনে পূরণকৃত তথ্য ছকটির হার্ড কপি কলেজে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।